গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পায়রা বন্দর কর্তৃপক্ষ
সচিব
www.ppa.gov.bd
কলাপাড়া, পটুয়াখালী

**নম্বর:** ১৮.২১.৭৮৬৬.০০২.৯৯.০০১.২০.৩৩

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১৪ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি/নোটিশ

**বিষয়: ডেঙ্গু রোগ প্রতিরোধ প্রসঙ্গে।**

এতদ্বারা পাবকের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি দেশে ডেঙ্গু রোগের প্রার্দুভাব ও ভয়াবহতা বৃদ্ধি পেয়েছে। ইতিমধ্যে ভাইরাস জনিত এ রোগের কারণে উল্লেখযোগ্য হারে প্রাণহানী ঘটেছে। এরূপ অবস্থায় পায়রা বন্দর এর আওতাধীন বিভিন্ন এলাকা/জাহাজ/আবাসিক/পুনর্বাসন কেন্দ্র/পিপিএফটি প্রকল্প এলাকাসহ সকলকে ডেঙ্গু রোগের প্রার্দুভাব প্রতিরোধকল্পে সম্মিলিত সহযোগিতা/সচেতনতা ও এডিস মশার শুককীটসহ মশার উৎপত্তিস্থল নিধন কার্যক্রম গ্রহণ একান্ত আবশ্যক। তাছাড়া ডেঙ্গুরোগ প্রতিকারমূলক ব্যক্তি/প্রতিষ্ঠানিক সচেতনতা গ্রহণের জন্য নিম্নবর্ণিত কার্যক্রমের প্রতি গুরুত্ব প্রদানের লক্ষ্যে অনুরোধ করা হলোঃ

(ক) ব্যক্তি পর্যায়ঃ

(১) এডিস মশা সাধারণত দিনের বেলা কামড়ায়। তাই দিনে ও রাত্রে ঘুম/বিশ্রামের সময় মশারী ব্যবহার করা।

(২) দিন এবং রাত্রে ফুলহাতা বিশিষ্ট পোশাক, ট্রাউজার, মোজা পরিধান করা।

(৩) শীররের অনাবৃত স্থানসমূহে Mosquito repellent ব্যবহার করা।

(৪) পারিবারিক বাসস্থানসমূহে পরিস্কার পরিচ্ছন্ন রাখার পাশাপাশি বাবস্থানে রক্ষিত ফুলের টব, রেফ্রিজারেটরের ট্রে এবং এয়ার কন্ডিশনার হতে নির্গত পানি একনাগাড়ে তিনদিনের অধিক সময় যাতে জমে না থাকে সেদিকে নিয়মিত লক্ষ্য রাখা।

(৫) যানবাহনের ভেতরে মশা থাকলে যানবাহনে বসার পূর্বেই তা নির্মূল করা।

(৬) আক্রান্ত হলে রোগীকে মশারীর ভেতরে রাখা, যাতে রোগ ছড়াতে না পারে।

(৭) মশা নিরোধক কার্যক্রম গ্রহন করা।

(খ) প্রাতিষ্ঠানিক পর্যায়ঃ

(১) এ রোগ সম্বন্ধে সবার মাঝে সচেতনতা বৃদ্ধি করা (প্রেষণা, পোষ্টার এবং প্রশিক্ষণ)।

(২) এউনিট/প্রতিষ্ঠান কর্তৃক ডিউটি পোষ্টসমূহে ভাল মানের মশা প্রতিরোধক (Repellent) সরবরাহ করা।

(৩) ইউনিট/প্রতিষ্ঠানসমূহের চারিপার্শ্বে সম্ভাব্য মশার প্রজননস্থল চিহ্নিত করতঃ তা ধ্বংসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা।

(৪) ইউনিট/প্রতিষ্ঠান কর্তৃক নির্মানাধীন ভবন, ছাদ, ছাদনালা, সানসেটে জমে থাকা পানি প্রতি ২/৩ দিন অন্তর পরিস্কার করা এবং উক্ত স্থানসমূহে লার্ভিসাইড (Larvicide) প্রয়োগ করা।

(৫) নৌ অঞ্চলের সকল জাহাজ, ঘাঁটি, নৌবাহিনী পরিচালিত স্কুল ও কলেজ অফিসার্স এবং নাবিকদের আবাসিক এলাকা, অফিস ও প্রশিক্ষণ এলাকাসমূহের আশে পাশে ঝোপঝাড়, জঙ্গাল, জলাশয় ইত্যাদি নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে এবং যদি গাছের কোন কোটর থাকে (Tree hole) সেগুলি মাটি অথবা সিমেন্ট দিয়ে বন্ধ করে দিতে হবে।

(৬) মশার সম্ভাব্য প্রজননস্থলে নিয়মিতভাবে লার্ভিসাইড (হস্তচালিত মেশিনের মাধ্যমে সকালে ঔষধ স্প্রে করা) ও পূর্ণাঙ্গ (Adult) উড়ন্ত মশা নিধনের জন্য সন্ধ্যার পূর্বে এ্যাডল্টিসাইড (ফগিং) নিশ্চিত করতে হবে।

(৭) বাসস্থান, অফিস এবং ড্রেন পরিস্কারসহ উপযুক্ত কিটনাশক স্প্রে করা হচ্ছে কিনা তা পর্যবেক্ষণসহ এডিস মশা বংশবিস্তার করতে পারে এমন স্থানসমূহ ধ্বংশ করা হয়েছে কিনা তা নিশ্চিত করতে হবে।

(৮) ভবনের অভ্যন্তরে, মসজিদ, টয়লেট ইত্যাদি স্থানে ব্যবহারের অন্তত ৩০ মিনিট পূর্বে নিয়মিত এ্যারোসল/ফগিং প্রভৃতি প্রয়োগ করতে হবে এবং ব্যবহারের পূর্বে দরজা জানালা খুলে দিয়ে পর্যাপ্ত বাতাস চলাচলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৯) বন্দর জেটিতে অবস্থানরত জাহাজে পানি জমে আছে কিনা তা পর্যবেক্ষণসহ নিয়মিত পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করতেহবে।(১০) সকল জাহাজ এবং স্কুলে নিয়মিত ডেঙ্গু প্রতিরোধমূলক সচেতনতা লেকচার/ক্লাস এর ব্যবস্থা করতে হবে।

০২। উপর্যুক্ত কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

১৪-০৭-২০২৩
মো: সোহরাব হোসেন
সচিব

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সকল সদস্য,পায়রা বন্দর কর্তৃপক্ষ ।;
২। বিভাগীয় প্রধান/উপবিভাগীয় প্রধান/শাখা প্রধান (সকল), পায়রা বন্দর কর্তৃপক্ষ।;
৩। প্রকল্প পরিচালক (সকল), পায়রা বন্দর কর্তৃপক্ষ।;
৪। সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, পায়রা বন্দর কর্তৃপক্ষ।;
৫। সকল নোটিশ বোর্ড, পায়রা বন্দর কর্তৃপক্ষ। এবং
৬। পিএসটু চেয়ারম্যান, পাবক (চেয়ারম্যান, পাবক মহোদয়ের সদয় অবগতির জন্য)।।